

# BANGLA NEWS



(https://www.banglanews24.com)

## জাতীয়

### কলাগাছের আঁশের সুতা দিয়ে পণ্য তৈরির প্রশিক্ষণ শুরু

ডিস্ট্রিক্ট করেসপন্ডেন্ট | বাংলানিউজটোয়েন্টিফোর.কম

আপডেট: ১৫:২২ ঘণ্টা, জানুয়ারি ৪, ২০২৩



**বান্দরবান:** বান্দরবানে কলাগাছের আঁশ থেকে উৎপাদিত সুতা দিয়ে হস্তশিল্পজাত পণ্য তৈরির প্রশিক্ষণ শুরু হয়েছে।

মঙ্গলবার (৩ জানুয়ারি) বিকেলে বান্দরবান বিশ্ববিদ্যালয়ের হলরুমে বান্দরবান জেলা প্রশাসনের আয়োজনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন জেলা প্রশাসক ইয়াছমিন পারভীন তিবরীজি।

এসময় বান্দরবান সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান একেএম জাহাঙ্গীর, নির্বাহী ম্যাজিস্ট্রেট রাজিব কুমার বিশ্বাস, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক আতিয়া চৌধুরী, বান্দরবান বিশ্ববিদ্যালয়ের প্রভাষক সাইং উ নিনিসহ বান্দরবানের বিভিন্ন সংগঠনের নারী নেত্রী ও প্রশিক্ষণার্থীরা উপস্থিত ছিলেন।

## জাতীয় এর সর্বশেষ



এলজিইডির সড়ক কেটে ফেলায় বাড়ির মালিককে ল  
(https://www.banglanews24.com/national/ne



সাড়ে ৯ হাজার ইয়াবাসহ নারী শ্রেফতার  
(https://www.banglanews24.com/national/ne



প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ইয়াছমিন পারভীন তিবরীজি বলেন, বান্দরবান একটি সুন্দর পার্বত্য জেলা। আর এই জেলার বিভিন্ন পাহাড়ে উৎপন্ন হয় অসংখ্য কলা গাছ। কলা কাটার পরে কলাগাছগুলো ফেলে দেওয়া হয়। আমরা এই কলাগাছের আঁশ থেকে প্রথমে সুতা উৎপাদন প্রশিক্ষণ দিয়েছি, এবার সেই সুতা দিয়ে হস্তশিল্পজাত পণ্য তৈরির প্রশিক্ষণ দিয়ে পার্বত্য এলাকার নারীদের স্বাবলম্বী করার পাশাপাশি তাদের অর্থনৈতিক অবস্থার পরিবর্তনের জন্য কাজ করে যাচ্ছি। এসময় তিনি নারীদের উন্নয়নে সবাইকে পাশে থাকার আহ্বানও জানান।

আয়োজকেরা জানান, এবারের প্রশিক্ষণে জেলা সদরের ৪০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করছে। এই প্রশিক্ষণ চলবে আগামী এক সপ্তাহ পর্যন্ত।


বাংলাদেশ সময়: ১৫:১৭ ঘট্টা, জানুয়ারি ০৪, ২০২৩

আরএ

ক্লিক করুন, আরো পড়ুন → [কলাগাছ \(/topic/কলাগাছ\)](#) [আঁশ \(/topic/আঁশ\)](#) [সুতা \(/topic/সুতা\)](#)

Like Share 33 Tweet

ইউটিউব সাবস্ক্রাইব করুন YouTube



কোটি টাকা হাতিয়ে নেওয়া প্রতারক চক্রের মূল হোতা  
(<https://www.banglanews24.com/national/n>)



নির্মাণাধীন ৯ তলা ভবন থেকে পড়ে তিন শ্রমিকের মৃত্যু  
(<https://www.banglanews24.com/national/n>)



ভুরস্কে ভবনে আটকে পড়া রিংকুকে উদ্ধার  
(<https://www.banglanews24.com/national/n>)

বাংলানিউজটোয়েন্টিফোর.কম'র প্রকাশিত/প্রচারিত কোনো সংবাদ, তথ্য, ছবি, আলোকচিত্র, রেখাচিত্র, ভিডিওচিত্র, অডিও কনটেন্ট কপিরাইট আইনে পূর্বানুমতি ছাড়া ব্যবহার করা যাবে না।

জাতীয় বিভাগের সর্বোচ্চ পঠিত  
(<https://www.banglanews24.com/category/জাতীয়/1>)